# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 23 June, 2025

ঝিনাইদহের সদর উপজেলার উত্তর শোমসপুর গ্রামে রোববার রাত আড়াইটার দিকে একদল ডাকাত এক ব্যবসায়ীর বাড়িতে প্রবেশ করে পরিবারের সদস্যদের অস্ত্রের মুখে জিম্মি করে নগদ দুই লাখ টাকা ও ৮ ভরি স্বর্ণালংকার লুট করে নিয়ে যায়। ভুক্তভোগী ব্যবসায়ী সাগর খাঁ জানিয়েছে, ডাকাতরা ঘরের গেট ভেঙে ভেতরে ঢুকে লোহার সিন্দুক খুলে লুটপাট করেছে।ঘটনা সঠিকভাবে তদন্ত করার জন্য পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে এবং দ্রুত দোষীদের আইনের আওতায় আনার আশ্বাস দিয়েছে।ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন জানান, বিষয়টি তদন্তাধীন রয়েছে।

ঝিনাইদহ,স্বর্ণালংকার লুট,ডাকাত,লুটপাট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:44

URL: https://www.timestodaybd.com/across-the-country/3571922923